# 12610 - রোযা রেখে শিঙ্গা লাগানো

প্রশ্ন

রমযানের দিনের বেলায় শিঙ্গা যে লাগায় ও যাকে লাগানো হয় উভয়ের রোযা কি ভেঙ্গে যাবে?
তাদের দুই জনের হুকুম কী? তাদের দুইজনেরই রোযা ভেঙ্গে যাবে? তাদের উভয়কে এ রোযাগুলো আবার কাযা পালন করতে হবে? নাকি অন্য কোন দায়িত্ব আছে? আশা করি জানাবেন।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

শিঙ্গা যে লাগায় ও যাকে শিঙ্গা লাগানো হয় উভয়ের রোযা ভেঙ্গে যাবে। তাদের উভয়কে দিনের অবশিষ্টাংশ রোযা ভঙ্গকারী বিষয় থেকে বিরত থাকতে হবে এবং রোযাটির কাযা পালন করতে হবে। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি শিঙ্গা লাগায় ও যাকে শিঙ্গা লাগানো হয় উভয়ের রোযা ভেঙ্গে যাবে।” [সুনানে আবু দাউদ (২৩৬৭), সুনানে ইবনে মাজাহ (১৬৭৯), আলবানী ‘সহিহ আবু দাউদ’ গ্রন্থে (২০৭৪) হাদিসটিকে ‘সহিহ’ বলেছেন]

আল্লাহ্‌ই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীগণের উপর আল্লাহ্‌র রহমত বর্ষিত হোক।